# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, email: sbcontroller16@gmail.com


স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য-০৫/২০২২/১০৯

তারিখ ঃ ৩১অক্টোবর ২০২২ খ্রি.
১৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ

**বিষয় ঃ আসন্ন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা-২০২২ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্নের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র ঃ জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র বিগত ১৯/১০/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্নের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র বিগত ১৯/১০/২০২২ তারিখের সভায় গৃহীত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১. প্রশ্নপত্র সর্টিং এর সময় জেলা ট্রেজারীতে সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক উপস্থিত থাকবেন। উপজেলার ক্ষেত্রে প্রশ্নপত্র সর্টিং এর সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা উপস্থিত থাকবেন। অনিবার্য কারণে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা উপস্থিত থাকতে না পারলে তাঁর প্রতিনিধি হিসেবে সহকারী কমিশনার (ভূমি) অথবা একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট এর উপস্থিতিতে প্রশ্নপত্র সর্টিং সম্পন্ন করতে হবে;

২. ট্রেজারিতে রক্ষিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর কমপক্ষে তিন দিন পূর্বে দিনভিত্তিক ও সেটভিত্তিক সর্টিং করে সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে;

৩. বিষয় ও দিনভিত্তিক একই সেটের সকল প্রশ্ন একটি বড় খামে প্যাকেটজাত করে নিরাপত্তা টেপ লাগাতে হবে। বোর্ডসমূহ যথাসময়ে নিরাপত্তা টেপযুক্ত সিকিউরিটি খাম ও আনুষঙ্গিক মালামাল সরবরাহ করবে;

৪. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০(ত্রিশ) মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্টারে নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করে বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বোর্ডকে অবহিত করবেন;

৫. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন ও মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন/ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬. ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্ন ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না;

৭. প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/ট্যাগ অফিসার নিয়োগ দেয়া হবে। ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি ট্যাগ অফিসারসহ প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট/ট্যাগ অফিসার- এর উপস্থিতি ব্যতীত প্রশ্ন বের করা যাবে না বা বহন করা যাবে না;

৮. ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে পরীক্ষার কেন্দ্রে বহুমুখী নির্বাচনী প্রশ্নসহ রচনামূলক/সৃজনশীলের সকল সেটের প্রশ্নই নিতে হবে। প্রশ্নের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে;

৯. পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা শুরুর পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০. অনিবার্য কারণবশত কোন পরীক্ষা বিলম্বে শুরু করতে হলে যত মিনিট বিলম্বে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদেরকে প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় থেকে তত মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে;

১১. পরীক্ষা কেন্দ্রে ও প্রশ্ন পরিবহনে দায়িত্বপ্রাপ্ত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলেই সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন;

১২. প্রশ্নপত্র সর্টিং শেষে সংশ্লিষ্ট সকলে স্বাক্ষর করছেন মর্মে একটি প্রতিবেদন বোর্ডে অবশ্যই প্রেরণ করবেন।

এমতাবস্থায় আসন্ন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা-২০২২ সুষ্ঠু ও সুন্দর পরিবেশে সম্পন্নের লক্ষ্যে বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৯/১০/2022

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট

**ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ**
সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
এইচএসসি পরীক্ষা কেন্দ্র।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো ঃ**
১। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট বিভাগের আওতাধীন সকল উপজেলা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩। সংরক্ষণ নথি।